গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

## মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব সেলিনা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, ভালুকা, ময়মনসিংহ।
সভার স্থান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ২৭/০৭/২০২১ খ্রিঃ সময় ঃ সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ভালুকা ও মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক উপজেলা কমিটির সদস্য সচিব'কে ভালুকা উপজেলার মৎস্য ও প্রাণীসম্পদ এর উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করার জন্য আহবান করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা অদ্যকার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে জানান যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী ও মুজিববর্ষ উপলক্ষে প্রাণিসম্পদ বিভাগের পক্ষ থেকে স্মার্ট লাইভস্টক ভিলেজ গঠনের লক্ষ্যে ২নং ভালুকা ইউনিয়নের গাভীশিমুল গ্রামের প্রাথমিক সার্ভে কাজ সম্পন্ন হয়েছে।<br>এছাড়া মুজিববর্ষ উপলক্ষে বিনামূল্যে টিকাদান কর্মসূচী, কৃমিনাশক ঔষদ বিতরণ, খামারী সমাবেশ, স্কুল ফিডিং, আলোচনা সভা ইত্যাদি কার্যক্রম রয়েছে।<br>তিনি জানান যে, ভালুকা উপজেলা প্রাণিসম্পদ কার্যালয়ের গবাদি পশু পাখির নিয়মিত চিকিৎসাসেবা কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলমান রয়েছে ।<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার অদ্যকার সভায় অবহিত করেন যে, তাঁর বিভাগের নিয়মিত কার্যক্রমসূহ যথারীতি সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( সেলিনা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভালুকা।

স্মারক নং- উপ.মৎস্য.অ/ভা.ম/উপজেলা কমিটি/২০২১-
তারিখঃ ২৭/০৭/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। উপ-পরিচালক স্থানীয় সরকার , ময়মনসিংহ।
৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ময়মনসিংহ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান............................................ইউপি, ভালুকা, ময়মনসিংহ।

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
ভালুকা, ময়মনসিংহ।